

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২১৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন জ্ঞানী ব্যক্তি মসজিদে উপস্থিত হলে প্রথম কাতার থেকে নবীনদের পিছিয়ে দেওয়া জায়েয হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذَكَرُ إِبَاحَةَ تَأْخِيرِ الْأَحْدَاثِ عَنِ الصَّفِّ الْأَوَّلِ عِنْدَ حُضُورِ أُولِي الْأَحْلَامِ وَالنُّهْيِ

আরবী

2178 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيٍّ بْنِ عَطَاءِ بْنِ مُقَدَّمٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ بْنُ يَعْقُوبَ السَّدُوسِيُّ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي مَجَلَزٍ عَنْ قَيْسِ بْنِ عَبَّادٍ قَالَ: بَيْنَمَا أَنَا بِالْمَدِينَةِ فِي الْمَسْجِدِ فِي الصَّفِّ الْمُقَدَّمِ قَائِمٌ أُصَلِّي فَجَذَبَنِي رَجُلٌ مِنْ خَلْفِي جَذْبَةً فَنَحَانِي وَقَامَ [مَقَامِي] فَوَاللَّهِ مَا عَقَلْتُ صَلَاتِي فَلَمَّا أَنْصَرَفَ فَإِذَا هُوَ أَبِي بْنُ كَعْبٍ قَالَ: يَا ابْنَ أَخِي لَا يَسُوكَ اللَّهُ إِنَّ هَذَا عَهْدٌ مِنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَيْنَا أَنْ نَلِيَهُ ثُمَّ اسْتَقْبَلَ الْقِبْلَةَ وَقَالَ: هَلْكَ أَهْلُ الْعَهْدِ وَرَبِّ الْكَعْبَةِ - ثَلَاثًا - ثُمَّ قَالَ: وَاللَّهِ مَا عَلَيْهِمْ آسَى وَلَكِنْ آسَى عَلَى مَنْ أَضَلُّوا قَالَ: قُلْتُ: مَنْ يَعْنِي بِهَذَا؟ قَالَ: الْأَمْراءُ  
الراوي: قَيْسُ بْنُ عَبَّادٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:  
التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2178 | خلاصة حكم المحدث: صحيح - ((المشكاة)) (1116).

বাংলা

২১৭৮. কাইস বিন আব্বাদ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার মদীনার মাসজিদে নববীতে দাঁড়িয়ে সালাত আদায় করছিলাম, এমন সময় পিছন থেকে এক ব্যক্তি আমাকে জোরে টান দেন এবং আমাকে সরিয়ে দিয়ে সেখানে তিনি দাঁড়ান। আল্লাহর কসম! আমি আমার সালাতের খেয়াল হারিয়ে ফেলি! অতঃপর যখন তিনি সালাম ফেরালেন, তখন আমি দেখলাম যে, তিনি উবাই বিন কা’ব রাযিয়াল্লাহু আনহু। তখন তিনি আমাকে বলেন, “ভাতিজা, আল্লাহ তোমাকে দুঃখিত না করুন। এটা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক আমাদের প্রতি অঙ্গিকার যে, আমরা তাঁর কাছাকাছি দাঁড়াবো।” রাবী বলেন, “তারপর উবাই বিন কা’ব রাযিয়াল্লাহু আনহু কিবলার দিকে মুখ করে বলেন, “কা’বার প্রভুর কসম, নিশ্চয়ই প্রতিশ্রুতি প্রদানকারী লোকগুলো মারা গেছেন! -তিনি এই

কথা তিনবার বলেন- তারপর তিনি বলেন, “আল্লাহর কসম, আমি তাদের জন্য আফসোস করি না কিন্তু আমার আফসোস হয় তাদের জন্য, যারা মানুষকে পথভ্রষ্ট করেছে।”[1]

অধঃস্তন রাবী জিজ্ঞেস করেন, “তিনি এটা দ্বারা কাদের উদ্দেশ্য নিয়েছেন?” জবাবে রাবী বলেন, “শাসকদের।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৭৩; নাসাঈ: ২/৮৮; মুসান্নাফ আব্দুর রায়যাক: ২৪৬০; মুসনাদ আহমাদ: ৫/১৪০; আত তায়ালিসী: ৫৫৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ১১১৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ কয়স ইবনু আব্বাদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91496>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন